

# বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

## প্রেস বিজ্ঞপ্তি

নম্বর-৮০.০০.০০০০.২০২.৬৪.০১৭.২৫-৭০

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১৮ মে ২০২৬

বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর বিধি ১৭ অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক ৪৬তম বি.সি.এস. পরীক্ষা-২০২৩ এর বিভিন্ন ক্যাডারে নিয়োগের লক্ষ্যে ০৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ৮০.০০.০০০০.২০২.৬৪.০১৭.২৫-২৭ নম্বর বিজ্ঞপ্তির মাধ্যমে সাময়িকভাবে মনোনীত ১,৪৫৭ (এক হাজার চারশত সাতান্ন) জন প্রার্থীর মধ্যে মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রের অধিকতর পরীক্ষা-নিরীক্ষার লক্ষ্যে ০৬ (ছয়) জন প্রার্থীর মনোনয়ন স্থগিত রাখা হয়। স্থগিতকৃত ০৬ (ছয়) জন প্রার্থীর মুক্তিযোদ্ধা সনদ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সঠিক থাকায় স্থগিতাদেশ প্রত্যাহারপূর্বক নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদেরকে সাময়িকভাবে (provisionally) মনোনয়ন প্রদান করা হলো:

### ক. সাধারণ ক্যাডারসমূহ/ক্যাডারের পদসমূহ:

১. বি.সি.এস. (প্রশাসন)  
11107278 : 11025264 Total= 2
২. বি.সি.এস. (পুলিশ)  
11089829 Total= 1
৩. বি.সি.এস. (কর)  
13027866 Total= 1
৪. বি.সি.এস. (পরিবার পরিকল্পনা)  
13025281 Total= 1

### খ. প্রফেশনাল বা টেকনিক্যাল ক্যাডারসমূহ/ক্যাডারের প্রফেশনাল বা টেকনিক্যাল পদসমূহ:

১. বি.সি.এস. (পেশাসম্পদ): সায়েন্টিফিক অফিসার/ লেকচারার ভেটেরিনারী ট্রেনিং ইনস্টিটিউট অথবা লাইভস্টক ট্রেনিং ইনস্টিটিউট ইন এনিমাল হাভব্যাক্সি সাবজেক্টস/প্রাণিপুষ্টি কর্মকর্তা/অফিসার ইনচার্জ (ছু মিউজিয়াম)/জু-অফিসার/পাবলিসিটি অফিসার/ এ্যানিমেল প্রোডাকশন অফিসার/পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার/ এসিসটেন্ট পোল্ট্রি এক্সটেনশন অফিসার/ সমমানের পদ:

17018651 Total= 1

### ক্যাডার পদে মনোনয়নের শর্তাবলি:

০১. প্রার্থীর আবেদনপত্রের সাথে সংযুক্ত সনদ, তথ্য, ডকুমেন্টস ইত্যাদি ৪৬তম বি.সি.এস. পরীক্ষা-২০২৩ এর বিজ্ঞপ্তির ৮ নম্বর অনুচ্ছেদ এবং আবেদনপত্রে প্রার্থীর অঙ্গীকারনামার ভিত্তিতে কমিশন কর্তৃক প্রার্থীকে এই শর্তে সাময়িকভাবে মনোনয়ন প্রদান করা হল যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রার্থীর সংযুক্ত সনদ, ডকুমেন্টস ও কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে;

০২. সাময়িকভাবে মনোনীত প্রার্থীদের মধ্যে কোন প্রার্থী আবেদনপত্রে জ্ঞাতসারে কোন ভুল বা মিথ্যা তথ্য প্রদান বা প্রয়োজনীয় তথ্য গোপন বা টেম্পারিং বা কোন জাল সার্টিফিকেট জমা বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোন অংশ বা

প্রবেশপত্র টেম্পারিং বা প্রতারণার আশ্রয় গ্রহণ করলে বা কোনো গুরুতর অসম্পূর্ণতা (substantive incompleteness) ধরা পড়লে বিজ্ঞাপনের শর্তানুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর মনোনয়ন বাতিল হবে। তাছাড়া, বর্ণিত অপরাধে জড়িত প্রার্থীকে ক্ষেত্র বিশেষে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। এমনকি প্রার্থীকে চাকরিতে নিয়োগের পরও এরূপ কোনো তথ্য প্রকাশ ও তা প্রমাণ হলে তাকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে;

০৩. বি.সি.এস. ক্যাডার পদে মনোনীত প্রার্থীদের- “বি.সি.এস. (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা- ২০১৪” অনুযায়ী স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে গঠিত মেডিকেল বোর্ডে স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সির মাধ্যমে প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাইয়ের পর সরকার কর্তৃক নিয়োগ দেয়া হবে;


০৪. প্রার্থীর আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টসমূহ, সনদ ইত্যাদি এবং আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক এই শর্তে প্রার্থীদের অনুকূলে মনোনীত করা হলো যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারী সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষা, শিক্ষাগত যোগ্যতার সনদ, অন্যান্য ডকুমেন্টসমূহ সত্যতা যাচাই, প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থীর উচ্চতা, বুদ্ধির মাপ এবং ওজন সম্পর্কিত তথ্য এবং প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যথাযথ এজেন্সি কর্তৃক যাচাইয়ের পর নিশ্চিত হয়ে মনোনয়ন প্রাপ্তদের নিয়োগ প্রদান করতে হবে;

০৫. প্রকাশিত মনোনয়নে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সংরক্ষণ করে;

০৬. এই মনোনয়ন প্রার্থীর ক্যাডার পদে চাকরি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করবে না বা অধিকার জন্মাবে না;

০৭. কমিশনের নিকট হতে মনোনয়ন প্রাপ্তির পর নিয়োগ সংক্রান্ত সকল বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত মনোনয়নের ভিত্তিতে নিয়োগ প্রদান করতে পারবে;

০৮. ফলাফল কমিশনের [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) এবং টেলিটকের [bpsc.teletalk.com.bd](http://bpsc.teletalk.com.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।



মাসুমা আফরীন  
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)